পারিবারিক কলহের জের ধরে স্ত্রীকে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা

পারিবারিক কলহের জের ধরে স্ত্রী স্বপ্না খাতুনকে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করার অভিযোগ পাওয়া গেছে।স্বপ্না খাতুন বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বুধবার (১৯ অক্টোবর) সকালের দিকে ঝিনাইদহ আমেরচারা নামক গ্রামে এই ঘটনা ঘটে।

এঘটনায় স্বামী উজ্জল হোসেন পলাতক রয়েছে। উজ্জল মেহেরপুর সদর উপজেলার খন্দকারপাড়া এলাকার তাজ উদ্দীনের ছেলে। স্বপ্না খাতুন একউ উপজেলার সুবিদপুর গ্রামের আরিফুল ইসলামের মেয়ে।

পারিবারিকভাবে বিয়ে হয়ে এই দম্পত্তি ঝিনাইদহ আমের চারা গ্রামে বসবাস করে আসছিলেন। বুধবার সকালের দিকে তাদের দুজনের মধ্যে পারিবারিক কলহের জের ধরে স্বামী উজ্জল তার স্ত্রী স্বপ্না খাতুনকে গলা টিপে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা চালান। এসময় প্রতিবেশীরা টের পেয়ে ছুটে আসলে স্বামী উজ্জল পালিয়ে যায়। খবর পেয়ে স্বপ্নার পরিবারের লোকজন ঝিনাইদহ হাসপাতাল থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসেন।

স্বপ্নার বাবা আরিফুল ইসলাম বলেন, বিয়ের পর থেকেই জামায় আমার মেয়ের উপর অত্যাচার নির্যাতন চালিয়ে আসছিল। পারিবারিক কলহ হলে সে আমার মেয়েকে নির্যাতনন শুরু করে। এক পর্যায়ে গলা টিপে হত্যা করার চেষ্টা করে। পাশের বাড়ির লোকজন জানতে পেরে ছুটে আসলে সে পালিয়ে যায়। বর্তমানে আমার মেয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালের ভর্তি রয়েছে।

গাংনী থানার এসআই মাসুদ জেলা শ্রেষ্ট এসআই মনোনীত

আদালতের পরোয়ানাভূক্ত সর্বোচ্ছ হুকুম তামিল, করায় গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদকে শ্রেষ্ট উপপরিদর্শক (এসআই) নির্বাচিত করে পদক ও পুরুস্কার প্রদান করা হয়েছে।

বুধবার সকালে মেহেরপুর পুলিশ লাইনের ড্রীলশেডে অনুষ্ঠিত পুলিশের মাসিক কল্যাণ সভায় তাকে এ পুরুস্কারে ভূষিত হয়।

মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম তার হাতে পদক ও নগদ অর্থ তুলে দেন। এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, এএসপি সার্কেল অপু সারোয়ারসহ পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে এসআই মাসুদ মাদকদ্রব্য উদ্ধার, আসামি গ্রেফতার, আদালতের হুকুম তামিলসহ নানা কারণে তিনবার জেলার শ্রেষ্ট উপপরিদর্শক নির্বাচিত হয়েছিলেন।

নবম বারের মত চৌকস পুলিশ অফিসার হলেন এএসআই শাকিল খান

নবমবারের মত চৌকস পুলিশ অফিসার হিসেবে নির্বাচিত হয়েছেন মেহেরপুর সদর থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) শাকিল খান।

বুধবার দুপুরে মেহেরপুর জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় এএসআই শাকিল খানকে চৌকস পুলিশ অফিসার হিসেবে ক্রেষ্ট তুলে দেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

মেহেরপুর পুলিশ লাইনের ড্রীলশেডে অনুষ্ঠিত মাসিক কল্যাণ সভায় তাকে পুরুস্কারে ভূষিত করা হয়।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, এসএসপি সার্কেল অপু সরোয়ার, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলসহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তা ও পুলিশ সদস্যরা।

এর আগেও এএসআই শাকিল খান মাদক উদ্ধার ও আসামি গ্রেফতার এবং আদালতের পরোয়ানা তামিলেও তাকে চৌকস পুলিশ অফিসার হিসেবে নির্বাচিত করা হয়েছে।

আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব খাদ্য দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আজ বুধবার সকাল ১০টার দিকে আমঝুপি,মউক এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

খাদ্য অধিকার বাংলাদেশ এর সহযোগিতায় মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটি ও মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

খাদ্যে অধিকার কমিটির সদস্য হাজী আজগর আলী মাষ্টার এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। আরো বক্তব্য রাখেন ইউপি সদস্য আরিফ হোসেন, সমাজ সেবক শহিদুল্লাহ, আঃ রাকিব, ইমাম ওজিউর রহমান ও মানবধিকার কর্মী সাদ আহাম্মদ।

বক্তাগন সরকারের দারিদ্র বিমোচন এবং খাদ্য নিরাপত্তার জন্য বিভিন্ন সুপারিশ মালা তুলে ধরেন। এর আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে মউক প্রধান কার্যলয় চত্তরে এসে শেষ হয়।

সভার শেষে,মেহেরপুর জেলা খাদ্য অধিকার কমিটির পক্ষে সামাজিক সুরক্ষা কমৃসূচির বরাদ্দ বাড়ানো ও খাদ্যসহ নিত্য প্রয়োজনীয়

দ্রব্যদির মুল্য কমানোর দাবীতে মেহেরপুর জেলা প্রশাসক বরাবর একটি স্বারক লিপি প্রদান করা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন আসামি গ্রেফতার করা হয়েছে। এসব আসামিদের মধ্যে ৪জন নারী আসামি রয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মঙ্গলবার দিবাগত রাত ১১ টার দিকে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

আসামিদের মধ্যে এন আই এ্যাক্ট এর ১৩৮ ধারা, ৪২০ ধারাসহ বিভিন্ন মামলার আসামি রয়েছেন।

আজ বুধবার (১৯ অক্টোবর) সকালের দিকে আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এদিকে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ আসামিকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।

মুজিবনগরে উৎপাদন বৃদ্ধির লক্ষে বিনামূল্যে পেঁয়াজের বীজ

ও সার বিতরণ

মুজিবনগরে পেঁয়াজের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা হিসেবে প্রান্তিক চাষীদের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ ও সার বিতরণ করেছে উপজেলা কৃষি অফিস।
মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গনে ২০২২/২০২৩ অর্থবছরে খরিফ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির অংশ হিসেবে এই বীজ ও সার বিতরণ করা হয়।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন।এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মাহফুজুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন প্রমুখ।
পর্যায় ক্রমে মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নের মোট ২২০ জন পেয়াজ চাষীকে ১ কেজি পেয়াজ বীজ , ২০ কেজি ডিওপি সার , ২০ কেজি এম ও পি সার, ১৫০ বর্গমিটার পলিথিন, ৪ শত গ্রাম লাইলণ সুতা, ১শত এম এল কীটনাশক, ১০ এম এল ছত্রনাশক ও বিকাশের মাধ্যমে ২ হাজার ৭ শত টাকা দেয়া হবে।

মেহেরপুরে ছাত্রনেতা ইব্রাহিমের নেতৃত্বে শেখ রাসেল ও আওয়ামী লীগ নেতা ইমনের জন্মদিন পালন

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা কমিটির সদস্য ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমনের ৪৭ তম জন্মদিন এবং শহীদ শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন উপলক্ষে কেক কাটার আয়োজন করা হয়।

মঙ্গলবার সন্ধ্যায় ছাত্র নেতা ইব্রাহীমের নেতৃত্বে তার নিজ কার্যালয়ে কেক কেটে জন্মদিন পালন করা হয়। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগ কর্মী আলিপ, সাকিব, আকাশ, আসিব, রাব্বি, রিজন প্রমুখ।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমনের জন্মদিন পালন

আড়ম্বর পরিবেশে কেক কেটে ও সংক্ষিপ্ত আলোচনার মধ্য দিয়ে মেহেরপুর প্রতিদিনের প্রকাশক, রাজধানী টিভির চেয়ারম্যান ও সাপ্তাহিক ঢাকা থেকে পত্রিকার প্রকাশক ও সম্পাদক এমএএস ইমনের জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টার সময় মেহেরপুর প্রতিদিনের মেহেরপুর শহরের মল্লিকপুকুরস্থ কার্যালয়ে এ জন্মদিন পালন করা হয়।

প্রকাশকের জন্মদিন উপলক্ষে আনুষ্ঠানিকভাবে কেক কাটেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

এসময় সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু ও আগত অতিথিদের কেক খাইয়ে দেন।

বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় প্রকাশক এম এ এস ইমনের জীবনী তুলে ধরে আলোচনা করেন সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মিয়াভাই এগ্রো লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শরীফ রেজা পান্না, এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাশার তাপস, মেহেরপুর প্রতিদিনের গাংনী উপজেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, মুজিবনগর উপজেলা প্রতিনিধি শের খান প্রমুখ।

জনমদিনের অনুষ্ঠানে বিভিন্ন শ্রেনী পেশার লোকজন ও তার শুভাকাঙ্খিরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে নানা আয়োজনে শেখ রাসেল দিবস উদযাপিত

“শেখ রাসেল, নির্মলতার প্রতীক দুরন্ত প্রাণবন্ত নির্ভীক” ১৮ অক্টোবর মঙ্গলবার মুজিবনগর উপজেলা প্রশাসন কর্তৃক বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল সাড়ে ৯ টায় উপজেলা চত্বর স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগ সহ বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ শেষে,উপজেলা পরিষদ চত্তর থেকে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর নেতৃত্বে, একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি উপজেলার প্রধান প্রধান সড়ক পরিদর্শন শেষে পরিষদ চত্তরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেস বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা কৃষি অফিসার মাহফুজুর রহমান, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। এছাড়াও উপজেলার বিভিন্ন দপ্তরের অফিসার বৃন্দ, বিভিন্ন স্কুলের শিক্ষার্থী গন সহ বিভিন্ন পেশাজীবীরা উপস্থিত ছিলেন।

র্যালি শেষে উপজেলা পরিষদ হলরুমে শেখ রাসেল দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসে সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জীবনের উপরে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসটি পালন উপলক্ষে অনুষ্ঠান মালা ছিলো মুজিবনগর উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন,শোভাযাত্রা,শেখ রাসেলের জীবনের ওপরে আলোচনা,বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চিত্রাঙ্কন প্রতিযোগিতা,কেক কাটাসহ দিনভর নানা কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি পালন করা হচ্ছে।

মেহেরপুরে জেলা প্রশাসনের পক্ষে শেখ রাসেল দিবস পালিত

শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্যালি আলোচনা সভা ও দোওয়া মাহফিলের মধ্য দিয়ে শহীদ শেখ রাসেল দিবস পালিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গলবার সকালে ৯ টার সময় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শেষে একটি র্যালি বের হয়। মেহেরপুর জেলা প্রশাসন এসব কর্মসূচীর আয়োজন করে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মেহেরপুর পাবলিক লাইব্রেরি চত্বরে স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান জেলাবাসীর পক্ষে, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম জেলা পুলিশের পক্ষে, সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আলম সিদ্দিকী স্বাস্থ্য বিভাগের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

মেহেরপুর পৌরসভার মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন পৌরসভা ও জেলা যুবলীগের পক্ষে, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইয়ারুল ইসলাম সদর উপজেলা পরিষদের পক্ষে, সরকারি মহিলা কলেজের পক্ষে অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ এর পক্ষে সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর পক্ষে সাধারণ সম্পাদক সাইদুর রহমান পুস্পা অর্পণ করেন। এছাড়া সরকারি বেসরকারি বিভিন্ন দফতর পৃথক পৃথকভাবে

পুষ্পা অর্পণ করেন।